

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের স্বতন্ত্র বেতন স্কেল দাবি

■ জবি প্রতিবেদক
প্রস্তাবিত অষ্টম বেতন কাঠামো পরিবর্তন করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেলের দাবি জানিয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় (জবি) শিক্ষক সমিতি। গতকাল বুধবার বিশ্ববিদ্যালয়ের শিক্ষক লাউঞ্জে শিক্ষক সমিতি আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ দাবি জানায় সংগঠনটি।
এতে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. আলী নূর, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. আবুল হোসেন, সহসভাপতি ড. মনিরুজ্জামান, কোষাধ্যক্ষ ড. মো. আমিনুল হক, সরকারি সমর্থিত শিক্ষকদের সংগঠন শ্রীল দলের সাবেক সভাপতি অধ্যাপক ড. জাকারিয়া মিয়া, অধ্যাপক ড. কাজী সাইফুদ্দিন, অধ্যাপক ড. শামসুন্নাহারসহ শিক্ষক নেতারা উপস্থিত ছিলেন।